

COVID-19

টিকাগুলি

এখনও এই ভাইরাসের
বিরুদ্ধে আমাদের
সেবা সুরক্ষা।



মার্কিন যুক্তরাষ্ট্রে 700 মিলিয়নেরও বেশি COVID-19 টিকার ডোজ দেওয়া হয়েছে।
গবেষণায় দেখা গেছে যে COVID-19 টিকাগুলি নিরাপদ এবং এগুলি লক্ষ লক্ষ মানুষের
হাসপাতালে ভর্তি হওয়া ঠেকিয়ে দিয়েছে এবং লক্ষ লক্ষ জীবন বাঁচিয়েছে।

NYC
Health

6 মাস বা তার বেশি বয়সী প্রত্যেকেরই আপডেটেড COVID-19 টিকা নেওয়া উচিত।

COVID-19 টিকাগুলি:

- আপনি COVID-19 -এ আক্রান্ত হলে আপনার উপসর্গের তীব্রতা কমাতে পারে
- COVID-19 এর কারণে হাসপাতালে ভর্তি হওয়া এবং মারা যাওয়ার ঝুঁকি কমায়
- লং COVID হওয়ার ঝুঁকি কমায়

COVID-19 টিকাগুলি বিশেষভাবে গুরুত্বপূর্ণ — এবং জীবন রক্ষাকারী — নিম্নলিখিত ব্যক্তিদের জন্য:

- পঁয়ষট্টি বছর বা তার বেশি বয়সী ব্যক্তিরা
- ছয়-তেইশ মাস বয়সী ছোট শিশু
- গর্ভবতী বা প্রসব পরবর্তী মহিলারা
- নির্দিষ্ট স্বাস্থ্যগত সমস্যা বা প্রতিবন্ধিতাযুক্ত ব্যক্তিরা

আপনার আগে COVID-19 হয়ে থাকলেও বা ভ্যাকসিন নেওয়া থাকলেও একটি আপডেটেড টিকা নিন। আপডেটেড টিকাগুলি বর্তমান ভ্যারিয়েন্টগুলির বিরুদ্ধে সুরক্ষা দেয় এবং আপনার সুরক্ষাকে শক্তিশালী করে, যা সময়ের সাথে সাথে কমে যেতে পারে। টিকার পার্শ্বপ্রতিক্রিয়া — যার মধ্যে রয়েছে মাথাব্যথা, ক্লান্তি এবং ইঞ্জেকশনের স্থানে ব্যথা — সাধারণত এগুলো হালকা থেকে মাঝারি ধরনের হয়ে থাকে এবং কয়েক দিনের মধ্যেই সেরে যায়।

আপনার পরিষেবা প্রদানকারী বা ফার্মাসিস্টকে জিজ্ঞাসা করুন যে তারা COVID-19 টিকা দিচ্ছেন কিনা। নিউ ইয়র্ক সিটি জুড়ে টিকাকরণ কেন্দ্রগুলি খুঁজে পেতে, আপনি nyc.gov/health/map দেখতে পারেন অথবা QR কোডটি স্ক্যান করতে পারেন। Medicaid, Medicare এবং অন্যান্য অনেক হেলথ প্ল্যান COVID-19 টিকাকরণের খরচ বহন করে।

আপনার বার্ষিক
ফ্লু শটটিও নিন।
COVID-19 এবং
ফ্লুয়ের টিকাগুলি
একই সাথে
নেওয়া নিরাপদ।

এছাড়াও, অসুস্থ হলে বাড়িতে থাকা, কাশি ও হাঁচির সময় মুখ ঢেকে রাখা, মাস্ক পরা, হাত ধোয়া এবং বাড়ির মেঝেকে জীবাণুমুক্ত করা, COVID-19 এবং অন্যান্য ভাইরাসের ঝুঁকি কমানোর জন্য গুরুত্বপূর্ণ। আরও তথ্যের জন্য, nyc.gov/coronavirus দেখুন বা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

